



সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড

খুলনা শাখা। খুলনা

জি. এম. বক্স টাউয়ার (১ম, ২য় ও ৩য় তলা),

২২, স্যার ইকবাল রোড, খুলনা।

অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, খুলনা শাখার বিনিয়োগ গ্রহিতা, মেসার্স গন্ধেশ্বরী ভান্ডার, মালিকঃ তারক নাথ বণিক, পিতাঃ মৃত গোপাল চন্দ্র বণিক, মাতাঃ মৃত লক্ষী রানী বণিক, ব্যবসায়িক ঠিকানাঃ ৩৬, কালী বাড়ী রোড (সাবেক-২৩, পুরাতন বাজার রোড), ডাকঘর- খুলনা সিটি-৯১০০, থানা- সদর, জেলা- খুলনা। বর্তমান ঠিকানাঃ ৩৭, পাবলা বণিক পাড়া, ডাকঘর- দৌলতপুর-৯২০২, থানা- দৌলতপুর, জেলা- খুলনা এর নিকট ৩০/০৯/২০২১ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোটঃ ১,৩১,৪২,৩৪২.৯১ (এক কোটি একত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত বিয়াল্লিশ টাকা একানব্বই পয়সা) এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ, আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোজারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তে সীলমোহর কৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া আগামী ১৫/১১/২০২১ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, খুলনা শাখা, খুলনার রক্ষিত দরপত্র বাবু ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
২. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যেকোন তফসীলী ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, খুলনা শাখা, খুলনা এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৩. অনূর্ধ্ব ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৩ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
৫. দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
৬. এক বা একাধিক তফসিলের বিপরীতে দরপত্র দাখিল করা যাইবে।
৭. কম জামানত সমেত/ জামানতবিহীন/ট্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।
৮. অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।
৯. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।
১০. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবেনা এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
১১. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

সম্পত্তির তফসিল

জেলা- খুলনা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- খুলনা সদর অধীন, জে. এল. নং- ০৩, মৌজা-বানিয়াখামার, খতিয়ান নং- সি. এস.- ২৪১১, এস. এ. ২৬০৪, আর. এস.বুজ-৮১০৭, ডিপি-৫৬৩০, নামজারী খতিয়ান নং ১৮৭৬২, দাগ নং সি. এস.- ২৫৭৪ ও ২৫৭৫, এস. এ.- ৩১৮৭, আর. এস- ৮৩১২, জমির পরিমাণ- ০.৮০ (শূন্য দশমিক আট শূন্য) শতক। যাহার চৌহদ্দি ঃ-উত্তরে ঃ সুড়কী কলঘাট (রশীদ ব্রাদার্স), দক্ষিণে ঃ ড্রেন তৎপর কালীবাড়ী রোড, পূর্বে ঃ মমিন ঘাটের গলি, পশ্চিমে ঃ মদিনা বিস্কুট এন্ড ব্রেড ফ্যাক্টরী।

সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড,
খুলনা শাখা খুলনার পক্ষে
ম্যানেজার
মোবাইল নং ঃ ০১৭১৩-১৩৯০০৫